দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20.DE. 1998... ...
পৃষ্ঠা ৭ কলাম ৬.......

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৮ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

বাসস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৮ জন ছাত্রের বিরুদ্ধে বহিষ্কারসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছে। যে সকল ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইয়াছে তাহাদের বিরুদ্ধে ছাত্র ভর্তিতে বাধা সৃষ্টি, ছাত্র-কর্মচারী-শিক্ষকদের হয়রানি, প্রোভোস্টদের হুমকি প্রদান, মারাত্মক অস্ত্রসহ ছাত্রদের উপর হামলা এবং বঙ্গবন্ধুর ছবি বিনষ্ট করার অভিযোগ তদন্তে প্রমাণিত হইয়াছে।

এক বছর পর্যন্ত বহিষ্কৃত ৮ জন ছাত্র হইতেছে ঃ মিয়া মোঃ তৌফিক (শিবির), কবির হোসেন (শিবির), মাহবুবই এলাহী (বিসিএল), রেজাউল হাসান নগেন (বিসিএল), জহিরুল আহসান সুমন (বিসিএল), আশরাফ শাহদাত চৌধুরী (বিসিএল), আসিফ আহমদ (শিবির), মোঃ শহিদুল ইসলাম (শিবির)। এছাড়া ছাত্র শিবিরের দুইজন ছাত্রের ভর্তি বাতিল করা হইয়াছে। তাহারা হইতেছেঃ শাহজামাল শিকদার ও মোঃ ইসমাইল ভুইয়া। এছাড়া ৮ জন ছাত্রের হলের সীট বাতিল ও জরিমানা করা হইয়াছে।

ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল মান্নান বলিয়াছেন, এই শাস্তিমূলক ব্যবস্থা সিন্ডিকেট অনুমোদন করিয়াছে। বিশ্ববিদ্যালয়ে গতকাল হইতে রমজানের ছুটি শুরু হইয়াছে।